

সমাবর্তনে যোগ দিতে আইআইইউসি'র ভিসি প্রফেসর গোলাম মহিউদ্দিনের মালয়েশিয়া গমন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস চ্যান্সেলর প্রফেসর কে. এম গোলাম মহিউদ্দিন ইউনিভার্সিটি মালয়েশিয়া পার্লিস (ইউনিম্যাপ)-এর ভিসি'র আমন্ত্রণে সমাবর্তনে যোগ দিতে আজ রাতে মালয়েশিয়া গেছেন। তাঁর সফরসঙ্গী হিসাবে রয়েছেন আইআইইউসি'র সেন্টার ফর রিসার্চ এন্ড পাবলিকেশন্স (সিআরপি)-এর ডিরেক্টর ড. আকতারুজ্জামান খান।

২৮- ২৯ অক্টোবর মালয়েশিয়ার পার্লিসে অনুষ্ঠিত ইউনিম্যাপ-এর সমাবর্তনে আইআইইউসি ভিসি প্রফেসর কে. এম গোলাম মহিউদ্দিন যোগদান করবেন। মালয়েশিয়া সফরকালে তিনি ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি মালয়েশিয়া (আইআইইউএম) যাবেন এবং আইআইইউএম এর রেক্টরের সাথে ইউনিভার্সিটির পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট এবং ভবিষ্যত সহযোগিতার ক্ষেত্র উন্মোচন বিষয়ে মতবিনিময় করবেন। এ ছাড়াও তিনি ইউনিভার্সিটি সেইন্স ইসলাম মালয়েশিয়া(ইউসিম)-এর ভিসির আমন্ত্রণে উক্ত ইউনিভার্সিটি পরিদর্শনে যাবেন।

আগামী ৪ নভেম্বর তাঁর দেশে প্রত্যাবর্তনের কথা রয়েছে। *প্রেস বিজ্ঞপ্তি*

মোসতাক খন্দকার

সহকারী পরিচালক, জনসংযোগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম